

উপজেলা আইন শৃংখলা স্থায়ী কমিটির নভেম্বর/২০২১ ইং মাসের সভার কার্যবিবরণী । :

সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে ।

সভার তারিখ : ১০/১১/২০২১ইং

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা ।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযোজিত (স্বাক্ষরের ক্রমানুসারে) ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন হয় । এরপর সদস্য সচিব আজকের সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন ।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------|
| ১. | জনাব আলহাজ্ব মনির হোসেন সিকদার সভায় জানান যে, সদস্য উপজেলা আইন-শৃংখলা কমিটি বলেন, ব্রাহ্মন্দী ইউনিয়নের ছোট ফাউসায় অহিদ পাগলার মাজারে প্রতি বুধবার রাত্রে মাদক ব্যবসায়ী ও মাদক সেবনকারীদের পাওয়া যাবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে রাত্রে মাদক ব্যবসায়ী ও মাদক সেবনকারীদের বিষয়ে আরো গুরুত্বসহকারে কাজ করে যাওয়ার জন্য অনুরোধ করেন। | অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা। |
| ২. | সিরাজুল ইসলাম সভায় জানান যে, আড়াইহাজার সভাকে অবহিত করেন যে, আমাদের সমাজ একটি বড় সমস্যা। স্কুল ও কলেজের ছাত্র/ছাত্রীদের মাঝে মাদক এর প্রভাব ছড়িয়ে পড়েছে। মোবাইল কোর্টের মাধ্যমে মাদক ও ভেজাল খাদ্যের প্রভাব কমানোর চেষ্টা অব্যাহত আছে এবং এ বিষয়ে উপস্থিত সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে স্কুল ও কলেজের ছাত্র/ছাত্রীদের মাঝে মাদক এর প্রভাব যাতে ছড়িয়ে না পড়ে সে ব্যাপারে সজাগ থাকার জন্য অনুরোধ করেন। | অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা। |
| ৩. | খাগকান্দা ইউনিয়নে বিশিষ্ট সমাজসেবক সিরাজুল ইসলাম বলেন, আড়াইহাজার উপজেলায় নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয়, রোধ বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে মোবাইল কোর্টের পরিচালনা করতে সহকারী কমিশনার ভূমি আড়াইহাজারকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে পুলিশ জোরদার করনের নিমিত্তে আড়াইহাজার উপজেলায় নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয়, রোধ বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে মোবাইল কোর্টের পরিচালনা করতে সহকারী কমিশনার ভূমি আড়াইহাজারকে অনুরোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা। |

(রফিকুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আড়াইহাজার

ও

সভাপতি

আইন শৃংখলা স্থায়ী কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।